

# **া** মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২০৮১

পর্ব-৭: সওম (রোযা) (১ ত্রান্)

পরিচ্ছেদঃ ৭. দ্বিতীয় অনুচ্ছেদ - নফল সিয়ামের ইফতারের বিবরণ

### আরবী

وَعَن أَم عَمَارَة بنت كَعْب إِنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ دَخَلَ عَلَيْهَا فَدَعَتْ لَهُ بِطَعَامٍ فَقَالَ لَهَا: «كُلِي» . فَقَالَتْ: إِنِّي صَائِمَةٌ. فَقَالَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «إِنَّ الصَّائِمَ فَقَالَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «إِنَّ الصَّائِمَ فَقَالَ لَهَا: «كُلِي» . فَقَالَتْ عَلَيْهِ الْمَلَائِكَةُ حَتَّى يَفْرَغُوا» . رَوَاهُ أَحْمَدُ وَالتِرْمِذِي وَابْن مَاجَه والدارمي

#### বাংলা

২০৮১-[৬] উম্মু 'উমারাহ্ বিনতু কা'ব (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, একদিন নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম উম্মু 'উমারার ওখানে গেলেন। তিনি নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম-এর জন্য খাবার আনলেন। তিনি (সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম) উম্মু 'উমারাহ্-কে বললেন, তুমিও খাও। উম্মু উমারাহ্ বললেন, আমি তো সায়িম। তিনি বললেন, যখন কোন সায়িমের সামনে খাওয়া হয় (তখন তারও খেতে লোভ হয়, সওম রাখা তার জন্য কষ্ট কর হয়), তখন যতক্ষণ খাবার গ্রহণকারী খাবার খেতে থাকে ততক্ষণ মালায়িকাহ্ (ফেরেশতা) (ফেরেশতাগণ) তার ওপর রহমত বর্ষণ করতে থাকেন। (আহমদ, তিরমিয়ী, ইবনু মাজাহ, দারিমী)[1]

## ফুটনোট

[1] য'ঈফ: তিরমিয়ী ৭৮৫, ইবনু মাজাহ ১৭৮৮, আহমাদ ২৭০৬০, দারিমী ১৭৩৮, সহীহ ইবনু খুযায়মাহ্ ২১৩৮, সুনানুল কুবরা লিল বায়হাকী ৮৫১৩, সহীহ ইবনু হিব্বান ৩৪৩০, য'ঈফাহ্ ১৩৩২।

#### ব্যাখ্যা

ব্যাখ্যাঃ (إِنَّ الصَّائِمَ إِذَا أُكِلَ عِنْدَه) অর্থাৎ- সায়িম ব্যক্তির উপস্থিতিতে দিনের বেলায় খাদ্যগ্রহণ। তিরমিয়ীর বর্ণনায় রয়েছে, সায়িম ব্যক্তির নিকট কোন লোক যখন খাদ্য খাবে, তখন (عَلَّتُ عَلَيْهِ الْمَلَائِكَةُ) অর্থাৎ- মালায়িকাহ্ (ফেরেশতা) (ফেরেশতাগণ) তাদের জন্য দু'আ ও ক্ষমা প্রার্থনা করেন। কারণ তার নিকট খাদ্যের উপস্থিতি খাওয়ার চাহিদা বৃদ্ধি করে দেয়। সুতরাং যখন সে তার খাওয়ার চাহিদা দমন করে এবং নিজেকে আল্লাহর নির্দেশ



বাস্তবায়নের জন্য বাধা দিয়ে রাখে তখন মালায়িকাহ্ (ফেরেশতা) তার জন্য ক্ষমা প্রার্থনা করেন।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

 ${\color{red} {\it 9}} {\color{blue} Link-https://www.hadithbd.com/hadith/link/?id=56641}$ 

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন